



শিশু রামিসা হত্যা মামলায় ডিএনএ রিপোর্ট হস্তান্তর



শিশু রামিসা। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে ধর্ষণের পর নির্মমভাবে হত্যা হওয়া শিশু রামিসার ডিএনএ পরীক্ষার প্রতিবেদন তদন্ত কর্মকর্তার কাছে হস্তান্তর করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। শনিবার বিকেলে এই প্রতিবেদন আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

তদন্ত কর্মকর্তারা জানিয়েছেন, মামলার অগ্রগতির অংশ হিসেবে আগামী রোববার আদালতে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করা হতে পারে। বিষয়টি নিশ্চিত করেছেন পল্লবী থানার উপ-পরিদর্শক ও মামলার তদন্ত কর্মকর্তা অহিদুজ্জামান।

গত ১৯ মে পল্লবী থানার মিল্লাত ক্যাম্প এলাকায় একটি বাসায় দ্বিতীয় শ্রেণির ছাত্রী রামিসা আক্তারকে ধর্ষণের পর হত্যা করা হয় বলে অভিযোগ ওঠে। পরদিন তার বাবা আব্দুল হাম্মান মোল্লা পল্লবী থানায় মামলা করেন। এতে সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে আসামি করা হয়। পরে পুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে।

ঘটনার কয়েকদিন পর আদালতে হাজির হয়ে প্রধান আসামি সোহেল রানা ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেন। তিনি জানান, ঘটনার আগে তিনি ইয়াবা সেবন করেছিলেন। আদালত তার জবানবন্দী রেকর্ড করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।